গাংনীর রানা চেয়ারম্যানের অব্যাহতির আদেশ প্রত্যাহার করেছে আওয়ামীলীগ

মেহেরপুরের গাংনী কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাবেক ত্রান ও সমাজকল্যান সম্পাদক মো: মিজানুর রহমান রানার অব্যাহতির আদেশ প্রত্যাহার করেছে বাংলাদেশ আওয়ামীলীগ।

বৃহস্পতিবার (২৬ জানুয়ারী) কেন্দ্রীয় আওয়ামীলীগের সাধারন সম্পাদক ওবায়দুল কাদের এমপির স্বাক্ষরিত পত্রে অব্যাহতির আদেশ প্রত্যাহারের এ তথ্য জানানো হয়েছে।

আওয়ামীলীগের সাধারন সম্পাদক ওবায়দুল কাদের এমপির স্বাক্ষরিত পত্রে বলা হয়েছে, আওয়ামীলীগ মনোনীত প্রার্থীর বিরুদ্ধে নির্বাচন করায় জেলা আওয়ামীলীগের সাবেক ত্রান ও সমাজকল্যান সম্পাদক মো: মিজানুর রহমান রানাকে সংগঠন থেকে অব্যাহতি দেয়া হয়। পরবর্তীতে জেলা আওয়ামীলীগের সাবেক ত্রান ও সমাজকল্যান সম্পাদক মো: মিজানুর রহমান রানার আবেদনের প্রেক্ষিতে ২০২২ সালের ১৭ ডিসেম্বর গণভবনে আওয়ামীলীগের জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সংগঠনের স্বার্থ পরিপন্থী না করার শর্তে তার অব্যাহতির আদেশ প্রত্যাহার করা হয়।

অব্যাহতির আদেশ প্রত্যাহার সংক্রান্ত অনুলিপি কেন্দ্রীয় আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক,মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেককে দেয়া হয়েছে।

অব্যাহতির আদেশ প্রত্যাহার হওয়ার সংবাদ ছড়িয়ে পড়লে দলীয় নেতাকর্মীরা আওয়ামীলীগ সভানেত্রী ও মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাবেক ত্রান ও সমাজকল্যান সম্পাদক মো: মিজানুর রহমান রানা বলেন,তার অব্যাহতির আদেশ প্রত্যাহার হওয়ায় তিনি সহ তার কর্মী সমর্থকরা

খুশি।
অব্যাহতির আদেশ প্রত্যাহার হওয়ায় মো: মিজানুর রহমান রানাকে আওয়ামীলীগের কমিটিতে গুরুত্বপূর্ন পদ দেওয়ার দাবি করেছে আওয়ামীলীগের নেতাকর্মীরা।

আওয়ামীলীগ সভানেত্রী ও মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি বলেন,কাথুলী ইউনিয়নের জনগনের ভালোবাসা আর সমর্থন নিয়ে পরপর তিনবার চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। এর মধ্যে গতবার আওয়মীলীগের মনোনয়ন পেয়ে চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন কিন্তু এবার কুচক্রী মহলের মিথ্যা প্ররোচনার কারনে এবার দলীয় মনোনয়ন থেকে বঞ্চিত হয়। কিন্তু আওয়ামীলীগ নেতাকর্মীদের পাশে দাঁড়াতে তাদের আবদার রক্ষা ও জনগনের চাপে পড়ে নির্বাচন করতে বাধ্য হয়েছেন। সদ্য নির্বাচনে প্রায় ২ হাজার ভোট বেশি পেয়ে বিজয়ী হয়েছেন। এই বিজয় সহ প্রতিটা বিজয় আওয়ামীলীগ ও কাথুলী ইউনিয়নের আমার প্রান প্রিয় জনগনকে উৎস্বর্গ করেছি। নির্দল নির্বাচন করলেও আওয়ামীলীগ ও বঙ্গবন্ধুর আদর্শ ধরে রেখে জনগনের সেবা করে চলেছি।

মো: মিজানুর রহমান রানা মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজকল্যান সম্পাদকের পাশাপাশি কাথুলী ইউনিয়ন পরিষদের পরপর তিন বারের নির্বাচিত হয়ে চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন। এছাড়া দীর্ঘ ১২ বছরেরও বেশি সময় মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারন সম্পাদক,কুতুবপুর স্কুল এন্ড কলেজ,ধলা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি সহ বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে জড়িত রয়েছেন।